



জরুরী

ফ্যাক্স/ই-মেইল/বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য পরিকল্পনা-৩ শাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নং- ৩৩.০০.০০০০.১৩৭.১৪.০০৪.১৬ (অংশ-১)-০১

তারিখঃ ২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ

বিষয়ঃ “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ওপর স্টিয়ারিং কমিটির ৪র্থ সভা গত ২১/১২/২০২১ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৫ (পাঁচ) পৃষ্ঠা।

  
(নীলুফা আক্তার)

যুগ্মসচিব (অঃ দাঃ)  
ফোনঃ ৯৫৪৬২৮৪

[js\\_planning2@mofl.gov.bd](mailto:js_planning2@mofl.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-২০)।
- ২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক)।
- ৩। সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা।
- ৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা।
- ৫। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (পরিকল্পনা-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (পরিকল্পনা-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ১২। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), ময়মনসিংহ।
- ১৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), ময়মনসিংহ।
- ১৪। প্রকল্প পরিচালক, “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, বিএফআরআই, কক্সবাজার।
- ১৫। জনাব পারভেজ খাদেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প সার্কেল-২, গণপূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য পরিকল্পনা-৩ শাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন “ সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৪র্থ সভা গত ২১/১২/২০২১ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে সন্নিবেশ করা হলো।

২.০ উপস্থাপনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, বিএফআরআই কর্তৃক বাস্তবায়নাধীন ‘সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির আজ ৪র্থ সভা অনুষ্ঠিত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের শেষ পর্যায়ে রয়েছে। এরপর প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আলোচ্য প্রকল্পটি মোট ৪৯৩০.৭২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০১৭ হতে জুন/২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি মোট প্রাক্কলিত ব্যয় ৫৪২৫.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২২ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করে গত ১৮/০৩/২০২০ তারিখে অনুমোদিত হয়। ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, নভেম্বর/২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ২৫৩.৮৪ লক্ষ টাকা, যা বরাদ্দের ২১%। প্রকল্পের শুরু থেকে নভেম্বর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৮৮৫.৯১ লক্ষ টাকা যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৬৫%।

২.২ আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- বাংলাদেশে বঙ্গোপসাগরের মৎস্যসম্পদের ব্যবস্থাপনা কৌশল উদ্ভাবন, বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ সামুদ্রিক মৎস্য প্রজাতির প্রজনন ও চাষ প্রযুক্তি উদ্ভাবন, বাংলাদেশে সামুদ্রিক মৎস্য সম্পদের সঠিক ব্যবহারের লক্ষ্যে আহরণোত্তর পরিচর্যা কৌশল উদ্ভাবন, কক্সবাজারস্থ ইনস্টিটিউটের সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্রের অবকাঠামো উন্নয়ন, নির্মাণ/সংস্কার। প্রকল্পের বাস্তবায়ন এলাকা হলো কক্সবাজার জেলায় বিএফআরআই এর সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র।

৩.০ আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম, অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি, পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রথমে প্রকল্পের উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম ও তার অগ্রগতি জামতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হলো- গবেষণা কাজ ১২টি, ভূমি উন্নয়ন-৮ একর, ১টি ৭ তলা গবেষণা ও প্রশাসনিক ভবন(৪৩৭৫ বঃমিঃ), কর্মকর্তাদের জন্য ১টি ৫ তলা আবাসিক ভবন(৭২৫ বঃমিঃ), গ্রিলফেলিং সহ আরসিসি বাউন্ডারী ওয়াল(৭০৭ রানিং মিঃ), পানি সরবরাহ ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১৫০০ রাঃমিঃ), গভীর নলকূপ স্থাপন-১টি, সমুদ্রের পানির জলাধার নির্মাণ ১টি(৫০,০০০ গ্যালন), বৈদ্যুতিক সাবস্টেশন সংস্কার ইত্যাদি।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বিএফআরআই কর্তৃক বাস্তবায়নাধীন “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি মূলত সামুদ্রিক মৎস্য বিষয়ক গবেষণা জোরদার করার পাশাপাশি ইনস্টিটিউটের কল্লবাজারস্থ সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে গৃহিত হয়। প্রকল্পের আওতায় মোট ১২টি গবেষণা কাজের মধ্যে ৩টি সমাপ্ত হয়েছে, ৯টি চলমান রয়েছে। গবেষণা কার্যক্রমগুলি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে পরিচালিত হচ্ছে। এর মধ্যে রয়েছে বঙ্গোপসাগরে বিদ্যমান মৎস্য প্রজাতির মোট সংখ্যা, ধরন, তাদের তালিকা প্রণয়ন, প্লাস্টিক দূষণ/সমুদ্রের পানির এসিডিটির কারণে প্রভাব, সাগরে ৬৫ দিন মাছ ধরা নিষিদ্ধের সময়ে কত প্রজাতির মাছের প্রজনন হয়ে থাকে এবং এর ফলে কি ধরনের প্রভাব পড়ে, বাণিজ্যিকভাবে লাভজনক মাছের প্রজাতি কতটি ইত্যাদি। সভাপতি বলেন, সকল গবেষণার ফলাফল প্রকাশনার আকারে সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তী সময়ে তার ফলোআপ করা যায়। প্রকল্পের আওতায় গ্রিলফেলিং সহ আরসিসি বাউন্ডারী ওয়াল(৭০৭ রানিং মিঃ), গভীর নলকূপ স্থাপন-১টি, ১টি স্পীড বোট ক্রয় ইত্যাদি কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন হয়েছে।

৩.৩ ২০২১-২২ অর্থবছরে প্রকল্পের আওতায় ডিপোজিট ফ্রিম এর মাধ্যমে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক চলমান কাজের মধ্যে রয়েছে -কর্মকর্তাদের জন্য একটি ০৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ, যার কাজের অগ্রগতি ৮০%, টাইলস বসানোর কাজ চলছে, মার্চ ২০২২ এ সম্পন্ন বলে সভায় জানানো হয়। সভাপতি বলেন যে, পূর্ত নির্মাণ কাজের সময় ফ্রেম, গ্লাস স্থাপনে উপকূলীয় এলাকার প্রবল বাতাস প্রতিরোধী উপকরণ ব্যবহার করতে হবে। একটি ০৭ তলা গবেষণা ও প্রশাসনিক ভবন, যার ভৌত অগ্রগতি ৬০%, ভবনটির কাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। সভাপতি কাজের গতি বাড়াতে জনবল/শ্রমিক বৃদ্ধির নির্দেশনা দেন।

৩.৪ সভায় জানানো হয় যে, আন্তর্জাতিক পরামর্শকের নকশায় নির্মাণাধীন আধুনিক সামুদ্রিক মৎস্য হাচারী নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৬০%। পরিকল্পনা কমিশনের প্রতিনিধির প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, পূর্ত নির্মাণ কাজে স্যালাইন ওয়াটার রেজিস্ট্যান্স গ্রেড উপকরণ ব্যবহার করা হয়েছে। পুকুরের আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ ও তলদেশে মাটি ভরাট ভৌত কাজের অগ্রগতি ৬০%, সমুদ্রের পানির জলাধার নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৯৫%। সভায় নির্মাণ কাজসমূহের আলোকচিত্র পাওয়ারপয়েন্টে উপস্থাপন করা হয়। গবেষণা যন্ত্রপাতি ক্রয়ের দরপত্র জানুয়ারি ২০২২ এ আহ্বান করা হবে মর্মে সভায় জানানো হয়। মহাপরিচালক, বিএফআরআই বলেন, প্রশাসনিক ও গবেষণাগার ভবন নির্মাণের পর গবেষণা যন্ত্রপাতি স্থাপন করা হবে, এজন্য দরপত্র আহ্বান দেয়াতে করা হচ্ছে। সভাপতি বলেন, ভবন নির্মাণ ও দরপত্র আহ্বান/মূল্যায়ন কার্যক্রম পাশাপাশি চলতে পারে।

৩.৫ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রশাসনিক ও গবেষণাগার ভবন নির্মাণের পর গবেষণা যন্ত্রপাতি স্থাপন ও ট্রায়াল রানের জন্য কিছু সময় প্রয়োজন। এজন্য প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করা প্রয়োজন। সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্রের যে আবাসিক ভবন গুলি রয়েছে তার প্রায় সবগুলোর অবস্থা জরাজীর্ণ এবং বসবাসের অনুপযুক্ত। প্রকল্পের আওতায় যে ০৫ তলা ভবনটি নির্মাণাধীন রয়েছে সেটি সম্পন্ন হলে সেখানে ১০ জন কর্মকর্তার আবাসন সুবিধার সংস্থান হবে। প্রকল্পের আওতায় নির্মাণাধীন অফিস কাম গবেষণাগার ভবন ও আবাসিক ভবন নির্মাণ কাজে ১৪০.০০ লক্ষ টাকা অব্যয়িত থাকবে। এছাড়াও, প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত সামুদ্রিক মাছের আধুনিক জাদুঘর, যেটির নির্মাণ প্রক্রিয়া স্থগিত রাখার বিষয়ে প্রকল্পের স্ট্রয়ারিং কমিটির ২য় সভায় সিদ্ধান্ত হয় সেটি নির্মাণ করা না হলে আরো ২৭০.০০ লক্ষ টাকা অব্যয়িত থাকবে। এভাবে সাশ্রয়কৃত মোট ৪৪০.০০ লক্ষ টাকায় একটি ০৫ তলা আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব করা হয়। সভাপতি বলেন, নতুন ভবন নির্মাণ কাজ অন্তর্ভুক্ত করে অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন ও ভবন নির্মাণে ৩/৪ বছর সময় প্রয়োজন বিধায় তা পরিহার করতে হবে। প্রাক্কলিত ব্যয়ে জাদুঘর নির্মাণ সম্ভব নয় বিধায় পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী জাদুঘর নির্মাণ না করে অফিস ভবনের একটি কক্ষে ডিসপ্লে কর্ণার করা অধিকতর যৌক্তিক হবে।




৩.৬ সভায় পরিকল্পনা কমিশনের একনেক অনুবিভাগের প্রতিনিধি বলেন, গবেষণা যন্ত্রপাতি স্থাপন ও ট্রায়াল রান সঠিকভাবে না করলে প্রকল্পের উদ্দেশ্য/সুফল অর্জিত হবে না, এজন্য সময় প্রয়োজন। সভাপতি বলেন, গবেষণা যন্ত্রপাতি স্থাপন ও ট্রায়াল রানের জন্য প্রকল্পের মেয়াদ এক বছরের পরিবর্তে ৬মাস বৃদ্ধি করা যেতে পারে। আইএমইডির প্রতিনিধি বলেন যে, মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডির সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। যুগ্মসচিব (ব্লু ইনকনমি) বলেন, যেহেতু ১ম সংশোধনসহ মেয়াদবৃদ্ধি ডিপিইসির মাধ্যমে হয়েছে, সেহেতু মেয়াদবৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে। আইএমইডি ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধিগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৪.১ পূর্ত নির্মাণ কাজের গতি বাড়াতে জনবল/শ্রমিক বৃদ্ধি করতে হবে, ফ্রেম, গ্লাস স্থাপনে উপকূলীয় এলাকার প্রবল বাতাস প্রতিরোধী উপকরণ ব্যবহার করতে হবে;
- ৪.২ গবেষণা যন্ত্রপাতির জন্য দ্রুত দরপত্র আহ্বান করতে হবে ;
- ৪.৩ নতুন ভবন নির্মাণ কাজ অন্তর্ভুক্ত করা যাবে না ;
- ৪.৪ জাদুঘর নির্মাণ না করে অফিস ভবনের একটি কক্ষে ডিসপ্লে কর্ণার করতে হবে;
- ৪.৫ গবেষণা যন্ত্রপাতির স্থাপন ও ট্রায়ালের জন্য প্রকল্পের মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি করতে হবে;
- ৪.৬ সকল গবেষণার ফলাফল প্রকাশনার আকারে সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তী গবেষণায় তা ব্যবহার করা যায়।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)  
সচিব

বিষয়ঃ “সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ওপর ৪র্থ স্টিয়ারিং কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

স্থানঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৫১০-৫১২) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ ও বারঃ ২১/১২/২০২১, মঙ্গলবার।

সময়ঃ বেলা ১১.১৫ ঘটিকা।

ক্রমিক নং	নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১.	কাজী মোহাম্মদ আমজাদ মহাপরিচালক	মন্ত্রণালয়	০১৭১১৯৬৬৬২৭	কাজী ২০/১২/২১
২.	শ্রী: জৌহারুল হক অতিরিক্ত সচিব	মন্ত্রণালয়	০১৭১১৬৪৬৬১৬	জৌহারুল ২০/১২/২১
৩.	ড. মোঃ মনিরুল হুদা মুখ্য সচিব	মন্ত্রণালয়	০১৫১৭২৬১৬৭৭	Mulman ২১/১২
৪.	শেখ মোহাম্মদ হাবিবুল হক মুখ্য প্রকৌশল	কৃষি পরামর্শ কেন্দ্র পল্লী-প্রকৌশল বিভাগ, ঢাকা	০১৭১১১১৪৫১১১	শেখ ২০/১২/২১
৫.	নাজিমুল আলম মুখ্য-সচিব	মন্ত্রণালয়		নাজিমুল ২১/১২/২১
৬.	নূরুজ্জামান মোস্তফা মুখ্য প্রকৌশল	কর্মসূচী বিভাগ	০১৭১১১৩৭৬০৫	নূরুজ্জামান ২০/১২/২১
৭.	শেখ মোহাম্মদ হাবিবুল হক মুখ্য সচিব	মন্ত্রণালয়	০১৭০৬০৪০৬৬৬	শেখ ২১/১২/২১
৮.	শেখ মোহাম্মদ হাবিবুল হক মুখ্য সচিব	মন্ত্রণালয়	০১৭১১ ০১৭১১১	শেখ ২১/১২
৯.	ড. জাহাঙ্গীর হোসেন মুখ্য প্রকৌশল	কৃষি পরামর্শ কেন্দ্র	০১৭১২৫৬৬১৬৮	ড. জাহাঙ্গীর ২০/১২/২১
১০.	ডাঃ মোহাম্মদ হাবিবুল হক মুখ্য পরিচালক	ডাঃ হাবিবুল হক	০১৭১৫১৪৫০৫৭	ডাঃ হাবিবুল ২১/১২/২১
১১.	শ্রী: মোহাম্মদ হাবিবুল হক PSO	DFR	০১৭১৬১৭৩৪৭৩	শ্রী ২১/১২/২১

ক্রমিক নং	নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১২.	মোহাম্মদ হুসেইন হুসেইন ইন্সপেক্টর (উপসচিব)	সেইসি নং ৬৬০৬ ন/বি	০১৭১২৬৫৯৩৬৫	
১৩.	Dr. Mohammad Abu Yusuf	এম্ব হিলাল	০১৭১-৫০৭০২৭ ma.yusuf@hotmail.com	
১৪.	NUR MOHAMMAD Programmer	MoFL	০১১২৯৩৫৭৪৫	
১৫.	Mohammad Parvez Khadem Superintending Engineer	PWD	০১৭২৭১১৭৬১২ se_pc2@pwd. gov.bd	 21.12.2021
১৬.	Solan Maimuddin Hasan PS to Sec	MoIP	০১৪১২২৪০৫৮	
১৭.	মুহাম্মদ মোস্তাফিজ ইন্সপেক্টর সিসিও	MoFL	০১৭১১-৭৫০০২০	 ২৩/১২/২১
১৮.				
১৯.				
২০.				
২১.				
২২.				